

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৫৭

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষকে এই নির্দেশ প্রদান যে, সে তার কুর'আন পাঠের মাধ্যমে আল্লাহর সম্ভুষ্টি ও পরকাল প্রত্যাশা করবে; দুনিয়াতে এর প্রতিদান তড়িৎ চাইবে না

ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْءِ إِذَا قَرَأَ الْقُرْآنَ أَنْ يُرِيدَ بِقِرَاءَتِهِ اللَّهَ وَالدَّارَ الْآخِرَةَ دُونَ تَعْجِيلِ الثَّوَابِ فِي الدُّنْيَا

## আরবী

757 \_ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَوَادَةَ عَنْ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ وَذَكَرَ ابْنُ سَلْمٍ آخَرَ مَعَهُ ـ عَنْ بَكْرِ بْنِ سَوَادَةَ عَنْ وَهُبٍ قَالَ: وَفَاءِ بْنِ شُرَيْحٍ الصَّدَفِيِّ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ السَّاعِدِيِّ قَالَ:

خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا وَنَحْنُ نَقْتَرِئُ فَقَالَ: (الْحَمْدُ لِلَّهِ كِتَابُ اللَّهِ واحد وفيكم الأحمر وفيكم الأسود؟! اقرأوه قَبْلَ أَنْ يَقْرَأُهُ أَقْوَامٌ يُقَوِّمُونه كَمَا يُقَوَّمُ أَلْسِنَتُهُم يتعجَّل أحدهم أجره ولا يتأجَّلُهُ)

قَالَ أَبُو حَاتِم - رَضِيَ اللَّهُ عَنْهُ -: كَذَا وَقَعَ السَّمَاعُ وَإِنَّمَا هُوَ: ((السَّهْمُ)).

الراوي: سَهْل بْن سَعْد السَّاعِدِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 757 ا خلاصة حكم المحدث: حسن صحيح.

## বাংলা

৭৫৭. সাহল বিন সা'দ রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের উদ্দেশ্যে বের হয়ে আসেন, এসময় আমরা কুর'আন শিখছিলাম। তখন তিনি বলেন, "আলহামদু লিল্লাহ। আল্লাহর কিতাব একটি অথচ তোমাদের মাঝে রয়েছে লাল বর্ণের মানুষ, আছে কালো বর্ণের মানুষ! তোমরা কুর'আন পড়তে থাকো ঐ সম্প্রদায় পড়ার আগেই, যারা ঠিক-ঠাক করে কুর'আন পড়বে, যেভাবে তাদের জিহবাগুলো (সঠিক হবে 'তীর') ঠিক-ঠাক করা হয়। তাদের কেউ কেউ কুর'আন পাঠের প্রতিদান দুনিয়াতেই তড়িৎ পেতে চাইবে; পরকালে চাইবে না!" [1]



আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "হাদীসটি এভাবে শোনা হয়েছে। কিন্তু সঠিক হবে (জিহবাগুলো এর পরিবর্তে) 'তীর'।"

## ফুটনোট

[1] আবূ দাউদ: ৮৩১; তাবারানী: ৬০২৪; আত তায়ালিসী: ২/২।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আস সহীহাহ; ২৫৯।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন